রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৮, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৯—৬৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯—২০৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯—৩১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৭—১২৯ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭—৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ০১ জুলাই থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ১—৩ |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৩১.০০.০০৪.১৫-৮৮২—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, (পরিচিতি নং-৭৪৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, সাবেক পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এর বিরুদ্ধে তেজগাঁও শিল্পাঞ্চল থানার ০৭-১০-২০১৫ তারিখের ০৯ নম্বর মামলায় দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় তেজগাঁও শিল্পাঞ্চল থানার অভিযোগপত্র নম্বর ১১১, তারিখ, ০২-০৩-২০১৭ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি ২৮-০৮-২০১৭ তারিখে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকায় আত্মসমর্পণ করে জামিনে রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম-কে বি.এস.আর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ২৮-০৮-২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুয়ায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

অভ্যন্তরীণ নিয়োগ শাখা

শোক বার্তা

তারিখ : ১২ পৌষ ১৪২৪ বঃ ২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.০০.০০০০.১৩৮.০০.০৩৩.১৪-৭৮৪—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আইন ও বিচার বিভাগের সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত), জনাব মোঃ ফজলুর রহমান (১১৩২৩) ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে গত ০২-১১-২০১৭ তারিখ বৃহস্পতিবার বেলা ১০:৪৫ ঘটিকায় মডার্ন হাসপাতাল, ঢাকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি............. রাজিউন)।

২। জনাব মোঃ ফজলুর রহমান ১৪ জুন ১৯৬৮ সালে ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ৪ অক্টোবর ১৯৮৭ তারিখে সরকারি চাকরিতে যোগদান করেন এবং ২৪-১২-২০১৩ তারিখে সহকারী সচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আইন ও বিচার বিভাগের বিভিন্ন শাখায় দায়িত্ব পালন করেন।

৩। জনাব মোঃ ফজলুর রহমান দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ন, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক কন্যা ও এক পুত্রসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ ফজলুর রহমান এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

---

শৃংখলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৫.১৭-১৩—যেহেতু, জনাব মোহাম্মদ শামীম বিকরিয়া (১৬৮৩৮), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি, প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী নরসিংদী হিসেবে কর্মকালে নামজারি মামলায় এল. আর. এর নামে টাকা গ্রহণ এখতিয়ার বহির্ভূতভাবে একসনা বন্দোবস্ত ৭২/২০১০-১১ এবং ১৪৮/২০০৯-১০ সরাসরি অন্যের নামে হস্তান্তরের অনুমতি প্রদান, হাতিরদিয়া বাজারের একসনা চান্দিনা ভিটি বন্দোবস্ত কেস নং-১৯১/১২-১৩, ১৯৫/১২-১৩, ১৯৬/১২-১৩, ১৯৭/১২-১৩ এবং ১৯৮/১২-১৩ এর বন্দোবস্ত গ্রহিতা লীজের শর্ত ভঙ্গ করে নিয়ম বহির্ভূতভাবে পাকা দালান নির্মাণ করায় উক্ত বন্দোবস্ত কেসসমূহ বাতিল না করে অবৈধভাবে লাভবান হয়ে নিজের বদলির আদেশ পাওয়ার আগের দিন ১৫-১১-২০১৬ তারিখে উক্ত বন্দোবস্ত কেসসমূহ নবায়ন করার অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৪-০৬-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৫.১৭-২৮১ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৩-০৭-২০১৭ তারিখ তার লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির আবেদন করলে ৩০-০৮-২০১৭ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

যেহেতু, ব্যক্তিগত শুনানি অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বেগম উম্মে রেহানা (৬৮২৯), উপসচিব, বিদেশ প্রশিক্ষণ ও গবেষণা ইউনিট, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে উক্ত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২০-১১-২০১৭ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে হাতিরদিয়া বাজারের একসনা চান্দিনা ভিটি বন্দোবস্ত কেস নং-১৯১/১২-১৩, ১৯৫/১২-১৩, ১৯৬/১২-১৩, ১৯৭/১২-১৩ এবং ১৯৮/১২-১৩ এর বন্দোবস্ত গ্রহীতা লীজের শর্ত ভঙ্গ করে বন্দোবস্ত গ্রহণের জায়গায় পাকা দালান নির্মাণ করার পরও তাদের উচ্ছেদের বা লীজ বাতিলের ব্যবস্থা না করে নিজের বদলির একদিন আগে উক্ত ০৫ টি বন্দোবস্ত কেসের লীজ নবায়ন করার এবং এ জন্য সরকারের স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর মধ্যে "অসদাচরণ (Misconduct)" অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অীভযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ শামীম কিবরিয়া (১৬৮৩৮), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(বি) মাতোবেক তাকে "৩ (তিন) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য ক্রমপুঞ্জিভূতহারে স্থগিত (Withholding of 3(three) increments for 3 (three) years cumulatively)" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

## শৃংখলা-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৪/১২ ডিসেম্বর ২০১৭

**নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০১৯.১৬-১১৭৯**—যেহেতু, জনাব বিজেন ব্যানার্জী (পরিচিতি নং-১৬৭৩০) গাজীপুর জেলার রেকর্ডরুমের প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী কমিশনার) হিসাবে কর্মকালে বিজ্ঞ স্পেশাল জজ আদালত, গাজীপুর এর দেওয়ানী আপিল মামলা নং-২৫৬/২০০৫ এর রায় ও ডিক্রিমূলে কালিয়াকৈর উপজেলাধীন সফিপুর মৌজার ৪১ নম্বর আর. এস. খতিয়ান এর দাগ নং-২৫৭ এর ৭১ শতাংশ জমি উক্ত মামলার বাদী ইবনে সিনা ফার্মাসিউটিক্যালস লিঃ গং এর স্বত্ব ঘোষণার আদেশপ্রাপ্ত হন। উক্ত আদেশের আলোকে সাবেক অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর জনাব সেবাষ্টিন রেমা কর্তৃক তার আদালতে মিস মোকদ্দমা নং-১২৫/২০১৪ এর ০৫-১১-২০১৪ তারিখের আদেশে ৪১ নং খতিয়ানে ধনুমোহন বর্মন ও ক্ষির মনী বর্মন এর নাম কর্তনপূর্বক কাদের নেওয়াজ খান চৌধুরীর নাম লিপিবদ্ধ করে আর. এস. রেকর্ড সংশোধনের আদেশ হওয়া সত্ত্বেও দেওয়ানী আপিল মোকদ্দমায় রায়ে উল্লিখিত ৭১ শতাংশ ভূমির স্থলে আর.এস ৪১ নং খতিয়ানের 'ক' তালিকাভুক্ত ০.৬৯ একর অর্পিত সম্পত্তিসহ উক্ত খতিয়ানের সমুদয় সম্পত্তি ব্যক্তি নামে রেকর্ড সংশোধনের আদেশ প্রদান করে সরকারের অপূরণীয় ক্ষতিসাধন করার অভিযোগে মন্ত্রিপরিষদ বিভাগের মতামতের পরিপ্রেক্ষিতে সরকরি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৩-১০-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৮২.২৭.০১৯.১৬-১০২৮ নং স্মারকে কারণ দর্শাতে বলা হয়।

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির আবেদন করলে ১৪-১২-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা নিজেকে নির্দোষ দাবি করে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, উভয়পক্ষের বক্তব্যসহ প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত এ মামলায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায় বিচারের স্বার্থে, আনীত অভিযোগ তদন্তের লক্ষ্যে জনাব আ.কা. মোঃ দিনারুল ইসলাম (পরিচিতি নম্বর-৫৬০০), যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার প্রতিবেদনে সার্বিক বিবেচনায়-অভিযুক্ত কর্মকর্তা জনাব বিজেন ব্যানার্জী (পরিচিত নং-১৬৭৩০), প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী কমিশনার), রেকর্ডরুম, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব বিজেন ব্যানার্জী (পরিচিতি নং-১৬৭৩০)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২)(এ) বিধি অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## শৃংখলা-৫ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৫.১৭(বি.মা.)-০১**—যেহেতু, জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান (পরিচিতি নম্বর-১৫২৩১), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, বাগেরহাট, গোবিন্দগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০০৯ এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪-তে কোন বিধি বিধান না থাকা সত্ত্বেও এবং স্থানীয় সরকার বিভাগের কোনরূপ অনুমোদন ব্যতিরেকে এমনকি উপজেলা পরিষদ সভারও অনুমোদন না নিয়েই গত ২০১৩-১৪ অর্থ বছরে মোট ৪,৫০,০০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং ২০১৪-১৫ অর্থ বছরে ৮৫,৯০,০০০ (পঁচাশি লক্ষ নব্বই হাজার) টাকা ও ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকাসহ সর্বমোট ১,০৫,৪০,০০০/-(এক কোটি পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা গোবিন্দগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের নলকপ স্থাপন, রিংস্লাব স্থাপন, রিং পাইপ সরবরাহ, মাটি ভরাট, ইউড্রেন নির্মাণ, ঘর নির্মাণ, প্যারাসাইটিং ইত্যাদি খাতে বিধি বহির্ভূতভাবে প্রকল্প গ্রহণ করার অপরাধে তার বিরুদ্ধে সরকরি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের গত ০৯-০৭-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৫.১৭(বি.মা)-৩৪০ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ২৭-০৭-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিলের নিমিত্ত আরও ১০ (দশ) কার্যদিবস পর্যন্ত সময় বর্ধিতকরণের জন্য আবেদন করলে গত ০৭-০৮-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৫.১৭(বি.মা.)-৩৯২ নং স্মারকমূলে ১০ (দশ) কার্যদিবস পর্যন্ত সময় বর্ধিতকরণ করা হয়। বর্ধিত সময়সীমার মধ্যে জবাব দাখিল করতে ব্যর্থ হলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) মোতাবেক ন্যায় বিচার ও সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার লক্ষ্যে জনাব লাইসুর রহমান (পরিচিতি নং-৫৩৮৫), যুগ্মসচিব (সওব্য-২ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৫-১১-২০১৭ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান-এর বিরুদ্ধে উপজেলা রাজস্ব তহবিলের ১,০৫,৪০,০০০ (এক কোটি পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে ৮০ টি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুসরণ না করাসহ স্থানীয় সরকার বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের ব্যবস্থা না নেয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

সেহেতু, জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান- (পরিচিতি নম্বর-১৫২৩১), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, বাগেরহাট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তার "১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ (এক) বছরের জন্য স্থগিত (Withholding of one increment for one year)" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

### জাতীয় রাজস্ব বোর্ড

[ শুল্ক ]

### বিশেষ আদেশ

তারিখ : ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৪ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৭/২০১৮/শুল্ক/১০**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স বি.এইচ. ট্রেডার্স নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০১, তাং ২২-০২-১২) বিপরীতে ২০১৭-১৮ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো :

| ক্রমিক নং | পণ্যের নাম | আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১। | লিকার ও অন্যান্য ড্রিংকস | ১,২০,০০০.০০ মাঃ ডঃ |
| ২। | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩,৩৫,০০০.০০ মাঃ ডঃ |
| ৩। | কসমেটিক্স ও টয়লেট্রিজ | ১০,০০০.০০ মাঃ ডঃ |
| ৪। | খাদ্য সামগ্রী/টয়লেট্রিজ, ইলেকট্রনিক্স ও অন্যান্য | ১০,০০০.০০ মাঃ ডঃ |
| | **সর্বমোট =** | **৪,৭৫,০০০.০০ মাঃ ডঃ** |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬

### আদেশাবলি

তারিখ : ০৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-৪৩/২০১৭-৫৯২—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সঞ্জয় কুমার বিশ্বাস, পিতা-ক্ষীরোদ চন্দ্র বিশ্বাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৪১/২০১৭-৫৯৩—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ নুরুল ইসলাম, পিতা-মরহুম মোঃ আব্দুল বারী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৪৪/২০১৭-৬১২—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ দীন ইসলাম, পিতা-মরহুম মোহাম্মদ হযরত আলী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৪৭/২০১৭-৬১৩—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মোস্তফা আল মামুন, পিতা-সৈয়দ মোঃ লুৎফর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-৪৬/২০১৭-৬২৫—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ভোলা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মেজবাহুল আলম, পিতা-এ,ইউ,এম শাকীর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৪৮/২০১৭-৬২৬—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ হারিছ উদ্দিন ভূঞা, পিতা-মরহুম আব্দুল হেকিম ভূইয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৭ পৌষ ১৪২৪ বঃ/৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং আর-৬/৭এন-৫০/২০১৭-৬২৭—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, স্বামী-এ্যাডভোকেট জনাব মোঃ নাহারুল ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.০২৩.২০১৫-০৪—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১। | বাদেজোল | ৯৬ | মোহনপুর | রাজশাহী |
| ২। | হলদি | ৪৮ | মোহনপুর | রাজশাহী |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৭-০৫—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন দেয়া হলো :

| ক্রঃ নং | মৌজার নাম | জে.এল.নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১। | ফুলবাড়ী | ২১৭ | সিরাজগঞ্জ সদর | সিরাজগঞ্জ |
| ২। | কাইজারচর | ১১৪ | মাদারগঞ্জ | জামালপুর |

নং ৩১.০৩৬.৩৩.০০.০০.১৪২.২০১০-০৬—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন দেয়া হলো :

| ক্রঃ নং | মৌজার নাম | জে.এল.নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১। | চর রামকান্তপুর | ১৮৫ | সুজানগর | পাবনা |

নং ৩১.০৩৬.৩৩.০০০০.০০৬.২০১১-০৭—১৯৫৫ সনের প্রজস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রঃ নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১। | হাজীপুর | ৩৮ | কলাপাড়া | বরিশাল |
| ২। | নিজামপুর | ৩৯ | কলাপাড়া | বরিশাল |
| ৩। | হরেন্দ্রপুর খাপরাভাঙ্গা | ৫২ | কলাপাড়া | বরিশাল |
| ৪। | বাউলতলী | ৫৩ | কলাপাড়া | বরিশাল |
| ৫। | চর কুকরীমুকরী | ৬৬ | চর ফ্যাশন | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-০৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ০১-০১-২০১৭ তারিখের ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-০২ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক এয়ার কমোডর লুৎফুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ)-এর নিয়োগের মেয়াদ ০১-০১-২০১৮ তারিখ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাস বৃদ্ধি পূর্বক নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিতে পুনঃ নিয়োগ প্রদান করলেন :

**শর্তাবলি :**

(ক) মূল বেতন মাসিক টাকা ৪০,০০০/-(চল্লিশ হাজার) ;

(খ) বাড়ী ভাড়া মাসিক টাকা ২৫,০০০/- (পঁচিশ হাজার) ;

(গ) সার্বক্ষণিক গাড়ী ব্যবহার এবং প্রতিমাসে সর্বোচ্চ ৪৫০ লিটার জ্বালানী ;

(ঘ) অন্যান্য সুযোগ সুবিধা বিএসএল এর প্রাপ্যতা অনুযায়ী ;

(ঙ) বেতন হইতে পেনশন ভাতা বাদ দিতে হবে ; এবং

(চ) 'কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে ০১(এক) মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাবে।'

(ছ) 'বিএসএল বোর্ড কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে হোটেল এর সংস্কার কাজ সম্পূর্ণ করতঃ বাণিজ্যিকভাবে পরিচালনার বিষয়টি নিশ্চিত করতে হবে।'

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং ইহা ০১-০১-২০১৮ তারিখ হইতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অঞ্জনা খান মজলিশ**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০৩০.২১.০১৬.০৯-৪২০**—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন "কাঁচপুর, মেঘনা ও গোমতী ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প"টির ঠিকাদারী প্রতিষ্ঠান OSJI Joint Venture কর্তৃক ব্যবহৃত নিম্নবর্ণিত ২০ টি Vehicle প্রকল্পের Construction period সমাপ্তি পর্যন্ত তথা ০৩-০১-২০২০ তারিখ পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুতে চলাচলে টোল মওকুফ করার প্রস্তাব অর্থ বিভাগের ২০-১১-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.৩২.১১৩. ২০১৩-৫৫ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে অনুমোদন করা হল :

| Sl. No. | Car Registration No. | Vehicle Type | Remarks |
|---|---|---|---|
| 01 | Dhaka Metro-CHA-56-1828 | Toyota X Noah | Owned by OSJI |
| 02 | Dhaka Metro-CHA-56-1823 | Toyota X Noah | Owned by OSJI |
| 03 | Dhaka Metro-CHA-56-1859 | Toyota X Noah | Owned by OSJI |
| 04 | Dhaka Metro-CHA-56-1860 | Toyota X Noah | Owned by OSJI |
| 05 | Dhaka Metro-CHA-56-1752 | Toyota Hiace | Owned by OSJI |
| 06 | Dhaka Metro-CHA-56-1751 | Toyota Hiace | Owned by OSJI |
| 07 | Dhaka Metro-CAA-71-2413 | Toyota Hiace (Ambulance) | Owned by OSJI |
| 08 | Dhaka Metro-THA-15-0534 | Pickup | Owned by OSJI |

| Sl. No. | Car Registration No. | Vehicle Type | Remarks |
|---|---|---|---|
| 09 | Dhaka Metro-THA-15-0533 | Pickup | Owned by OSJI |
| 10 | Dhaka Metro-THA-15-0530 | Pickup | Owned by OSJI |
| 11 | Dhaka Metro-THA-15-0531 | Pickup | Owned by OSJI |
| 12 | Dhaka Metro-THA-15-0532 | Pickup | Owned by OSJI |
| 13 | Dhaka Metro-THA-13-4535 | Pickup | Owned by OSJI |
| 14 | Dhaka Metro-THA-13-4528 | Pickup | Owned by OSJI |
| 15 | Dhaka Metro-THA-13-4533 | Pickup | Owned by OSJI |
| 16 | Dhaka Metro-THA-13-4529 | Pickup | Owned by OSJI |
| 17 | Dhaka Metro-THA-13-4530 | Pickup | Owned by OSJI |
| 18 | Dhaka Metro-THA-13-4531 | Pickup | Owned by OSJI |
| 19 | Dhaka Metro-THA-13-1532 | Pickup | Owned by OSJI |
| 20 | Dhaka Metro-THA-13-4534 | Pickup | Owned by OSJI |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
যুগ্মসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**জনস্বাস্থ্য-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৬১.০৪১.০১.১১-০৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২-০৯-২০১৬ তারিখের স্বাপকম/জনস্বাস্থ্য-২/ইপিআই-৪/নীতি/২০০৮/২২৫ নং প্রজ্ঞাপনের আংশিক পরিবর্তন করতঃ "National Committee for Immunization Practices (NCIP) নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

(ক) **কমিটির গঠন :**

**সভাপতি**

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

**সদস্যবৃন্দ**

২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৩। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

৪। মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৭। যুগ্ম-সচিব, মিউনিসিপালিটি, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৮। পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৯। পরিচালক (রোগ নিয়ন্ত্রণ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

১০। পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা

১১। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা

১২। পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা

১৩। পরিচালক, নিপসম, মহাখালী, ঢাকা

১৪। নির্বাহী পরিচালক, আইসিএমএইচ, মাতুয়াইল, ঢাকা

১৫। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা

১৬। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা

১৭। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা

১৮। চেয়ারম্যান, পেড্রিয়াট্রিক বিভাগ, বিএসএমএমইউ, ঢাকা

১৯। চেয়ারম্যান, পেড্রিয়াট্রিক বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা

২০। অধ্যাপক শওকত হাসান, উম্যুইনোলজিস্ট, বিআরবি হাসপাতাল, ঢাকা

২১। প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

২২। অধ্যাপক সমীর কুমার সাহা, মাইক্রোবায়োলজি বিভাগ, ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা

২৩। ডা. জাকির হোসেন, পাবলিক হেলথ স্পেশালিস্ট

২৪। অধ্যাপক বে-নজির আহমেদ, মাইক্রোবায়োলজিস্ট এবং বিভাগীয় প্রধান, প্যারাসাইটোলজি, নিপসম, ঢাকা

২৫। ডা. ফেরদৌসি কাদরী, সিনিয়র ডাইরেক্টর, ইনফেকসাস ডিজিজ ডিভিশন, আইসিডিডিআর'বি

২৬। প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ঢাকা

২৭। প্রতিনিধি, ইউনিসেফ, ঢাকা

২৮। প্রেসিডেন্ট, বাংলাদেশ প্রেড্রিয়াট্রিক সমিতি, ঢাকা

২৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, ঢাকা

৩০। মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, ঢাকা

৩১। প্রেসিডেন্ট, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা

৩২। পরিচালক, এইচএনপিপি, ব্রাক, ঢাকা, বাংলাদেশ

**সদস্য-সচিব**

৩৩। লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

(খ) কার্যপরিধি:

১। জাতীয় টিকা নীতি প্রণয়নে সিদ্ধান্ত গ্রহণ;

২। সাব-কমিটি গঠন অনুমোদন এবং সাব-কমিটির দায়িত্ব চূড়ান্তকরণ;

৩। দেশের মধ্যে টিকাদান কর্মসূচির কার্যক্রম সম্পর্কিত সাব-কমিটির প্রস্তাব/সুপারিশমালা পর্যালোচনা ও অনুমোদন;

৪। প্রয়োজনে নতুন ভ্যাকসিন সংযোজন এবং দেশে ভ্যাকসিন উৎপাদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৫। টিকাদান কার্যক্রম, সেবা ও কর্মসূচিতে ব্যবহৃত ভ্যাকসিন মূল্যায়নের জন্য এনসিআইপি কমিটি বছরে কমপক্ষে দু'বার সভায় মিলিত হবেন; এবং

৬। কোন ব্যক্তিকে প্রয়োজনে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন।

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৭৪.১৫-৪৫**—যেহেতু, জনাব শ্যামল কুমার নাথ, উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম (সাবেক পুলিশ সুপার, কক্সবাজার) এর বিরুদ্ধে পুলিশ সুপার, কক্সবাজার হিসেবে কর্মরত থাকাকালে গত ২০-০৬-২০১৫ তারিখে ফেনী মডেল থানাধীন লালপুরস্থ মুহুরী ফিলিং স্টেশন এন্ড সার্ভিসিং সেন্টারের সামনে র‍্যাব কর্তৃক একটি প্রাইভেট কার তল্লাশীকালে উক্ত প্রাইভেট কারের আরোহী স্পেশাল ব্রাঞ্চের এএসআই (নিরস্ত্র) ১৬৪০ মোঃ মাহফুজুর রহমান ও গাড়ীর ড্রাইভারকে ৬,৮০,০০০(ছয় লক্ষ আশি হাজার) পিস ইয়াবা ট্যাবলেট, নগদ ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা, ৪(চার) টি মোবাইল ও ৩(তিন) টি নোটবুকসহ আটক করা হয়। এএস আই (নিরস্ত্র)/১৬৪০ মোঃ মাহফুজুর রহমান কক্সবাজার জেলা পুলিশের এসআই মোঃ বেল্লাল হোসেন ও কুমিল্লা হাইওয়ে পুলিশ ফাঁড়ির এসআই আশিকুর রহমান এর সহযোগিতায় ইয়াবা ট্যাবলেটগুলো সংগ্রহ করে ঢাকাস্থ কয়েকজন ব্যক্তির নিকট বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিল মর্মে জানা যায়। তিনি কক্সবাজার জেলায় কর্মরত থাকাকালে ডিবি কার্যালয় আকস্মিক/সংক্ষিপ্ত পরিদর্শন করে ডিবি অফিসারদের সঠিক ভাবে কাজ করার লক্ষ্যে কোন প্রকার দিক নির্দেশনা প্রদান করেননি। তিনি কোন মাদকদ্রব্যজনিত মামলার তদন্ত তদারকী করেননি। তার সঠিক তদারকী ও দিক নির্দেশনার অভাবে কক্সবাজার জেলা পুলিশের কতিপয় সদস্য মাদকদ্রব্যজনিত অপরাধের সাথে জড়িয়ে পড়েন। 'সোর্স মানি' ব্যবহার করে তিনি নিজে বা অন্যের মাধ্যমে কোন মাদকদ্রব্য পাচারকারী গ্রেফতার বা মাদকদ্রব্য উদ্ধার করেছেন, এমন কোন প্রমাণ পাওয়া যায়নি। এমনকি তিনি নিজেও এ বিষয়ে কোন সুনির্দিষ্ট তথ্য প্রদান করতে পারেননি অথচ 'সোর্স মানি' ব্যবহার করে মাদকদ্রব্য উদ্ধার এবং মাদকদ্রব্য পাচারকারীদের গ্রেফতার করা সম্ভব ছিল। তিনি 'সোর্স মানি' যথাযথভাবে ব্যয় না করে তার দায়িত্ব ও কর্তব্য হতে বিরত থেকেছেন। কক্সবাজার জেলায় পুলিশ সদস্যগণ মাদকদ্রব্য জনিত অপরাধের সাথে জড়িত থাকলেও তিনি এই সংক্রান্তে ০১ (এক) টি বিভাগীয় মামলা রুজু করা ছাড়া অন্য কোন পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করেননি। উল্লিখিত অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৩-০৩-২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৭৪.১৫-৩৪০ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে এই মন্ত্রণালয়ের ০১-০৮-২০১৭ তারিখের ০৭ নম্বর স্মারকে জনাব মোঃ সুজায়েত ইসলাম, উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব শ্যামল কুমার নাথ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৩। এক্ষণে, সেহেতু জনাব শ্যামল কুমার নাথ, উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম (সাবেক পুলিশ সুপার, কক্সবাজার) এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৭৫.১৫-৪৬**—যেহেতু, জনাব মোঃ তোফায়েল আহম্মেদ, অতিরিক্ত পুলিশ সুপার, বরগুনা জেলা (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার কক্সবাজার জেলা) এর বিরুদ্ধে অতিরিক্ত পুলিশ সুপার, কক্সবাজার জেলা হিসেবে কর্মরত থাকাকালে গত ২০-০৬-২০১৫ তারিখে ফেনী মডেল থানাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে লালপুরস্থ মুহুরী ফিলিং স্টেশন এন্ড সার্ভিসিং সেন্টারের সামনে র‍্যাব কর্তৃক একটি প্রাইভেট কার তল্লাশীকালে উক্ত প্রাইভেট কারের আরোহী স্পেশাল ব্রাঞ্চের এএসআই (নিরস্ত্র) ১৬৪০ মোঃ মাহফুজুর রহমান ও গাড়ীর ড্রাইভারকে ৬,৮০,০০০(ছয় লক্ষ আশি হাজার) পিস ইয়াবা ট্যবলেট, নগদ ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা, ৪ (চার) টি মোবাইল ও ৩(তিন) টি নোটবুকসহ আটক করা হয়। এএস আই (নিরস্ত্র)/১৬৪০ মোঃ মাহফুজুর রহমান কক্সবাজার জেলা পুলিশের এসআই মোঃ বেল্লাল হোসেন ও কুমিল্লা হাইওয়ে পুলিশ ফাঁড়ির এসআই আশিকুর রহমান এর সহযোগিতায় ইয়াবা ট্যাবলেটগুলো সংগ্রহ করে ঢাকাস্থ কয়েকজন ব্যক্তির নিকট বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিল মর্মে জানা যায়। তিনি কক্সবাজার জেলায় কর্মরত থাকাকালে তার কার্যালয়ের নীচতলায় ডিবি কার্যালয় অবস্থিত হলেও তিনি আকস্মিক/সংক্ষিপ্ত পরিদর্শন করে ডিবি অফিসারদের সঠিক ভাবে কাজ করার লক্ষ্যে কোন প্রকার দিক নির্দেশনা প্রদান করেননি। এমনকি ডিবি অফিসারগণ সংশ্লিষ্ট থানায় উদ্ধারকৃত মাদকদ্রব্য জমা না দিয়ে নিজ হেফাজতে উদ্ধারকৃত আলামত তথা মাদকদ্রব্য রাখলেও তিনি বিধি মোতাবেক এ বিষয়ে কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করেননি। তিনি কোন মাদকদ্রব্যজনিত মামলার তদন্ত তদারকী করেননি। তার সঠিক তদারকী ও দিক নির্দেশনার অভাবে কক্সবাজার জেলা পুলিশের কতিপয় সদস্য মাদকদ্রব্যজনিত অপরাধের সাথে জড়িয়ে পড়েন। উল্লিখিত অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৯-০২-২০১৬ তারিখের ৪৪.০০. ০০০০.০৯৪.০২.০৭৪.১৫-২৫৮ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে এই মন্ত্রণালয়ের ০১-০৮-২০১৭ তারিখের ০৬ নম্বর স্মারকে জনাব মোঃ নজরুল ইসলাম, বিপিএম, পিপিএম, পুলিশ সুপার, রেলওয়ে, চট্টগ্রামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তোফায়েল আহম্মেদ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৩। এক্ষণে, সেহেতু জনাব মোঃ তোফায়েল আহম্মেদ, অতিরিক্ত পুলিশ সুপার, বরগুনা জেলা (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার কক্সবাজার জেলা) এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সচিব।

## সুরক্ষা সেবা বিভাগ
## কারা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৫ পৌষ ১৪২৪/১৯ ডিসেম্বর ২০১৭

**নং ৫৮.০০.০০০০.০৮৫.২৩.০৬৭.১৫-৮১২**—১৬ ডিসেম্বর ২০১৭, মহান বিজয় দিবস উপলক্ষে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ০৯(নয়) জন কয়েদীর অবশিষ্ট কারাদণ্ড ও জরিমানা দণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) মওকুফ করেছে :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স</th><th>কারাগারের নাম</th></tr>
<tr><td>১।</td><td>কয়েদী নং-৩৮৩২/এ, মোঃ তৈয়ব আলী পিতা-মৃত রমজান আলী<br>জেলা-রাজশাহী, বয়স-৪৫ বছর।</td><td>রাজশাহী কেন্দ্রীয় কারাগার</td></tr>
<tr><td>২।</td><td>কয়েদী নং-৬৮৩৬/এ, হারুন অর রশিদ পিতা-মৃত ফজলুল হক<br>জেলা-চট্টগ্রাম, বয়স-৪৫ বছর।</td><td>চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার</td></tr>
<tr><td>৩।</td><td>কয়েদী নং-৮৬২১/এ, মোঃ ইলিয়াছ আলী পিতা-ওয়ারিছ আলী<br>জেলা-সিলেট, বয়স-৫৬ বছর।</td><td>সিলেট কেন্দ্রীয় কারাগার</td></tr>
<tr><td>৪।</td><td>কয়েদী নং-৫৩৪৯/এ, মোঃ জাকির হোসেন পিতা-মৃত আবুল হোসেন<br>জেলা-শেরপুর, বয়স-৪৩ বছর।</td><td>শেরপুর জেলা কারাগার</td></tr>
<tr><td>৫।</td><td>কয়েদী নং-৯৫৭৪/এ, মোঃ ইরশাদ আলী পিতা- মোজের আলী খন্দকার<br>জেলা-যশোর, বয়স-৬৩ বছর।</td><td>যশোর কেন্দ্রীয় কারাগার</td></tr>
<tr><td>৬।</td><td>কয়েদী নং-৬৫৫৩/এ, মাহবুব প্রকাশ মোঃ রফিক, পিতা-মৃত সুলতান আহাম্মদ<br>জেলা-ফেনী, বয়স-৮০ বছর।</td><td rowspan="3">ফেনী জেলা কারাগার</td></tr>
<tr><td>৭।</td><td>কয়েদী নং-৬১৫৩/এ, আব্দুস সালাম ভূইয়া পিতা-মৃত আঃ মজিদ ভূইয়া<br>জেলা-ফেনী, বয়স-৬৫ বছর।</td></tr>
<tr><td>৮।</td><td>কয়েদী নং-৬৫৫৭/এ, মোঃ হানিফ, পিতা-আব্দুল আহাদ<br>জেলা-ফেনী, বয়স-৪০ বছর।</td></tr>
<tr><td>৯।</td><td>কয়েদী নং-১০৯০/এ, মোঃ নুরুল আমিন লাল্টু, পিতা-রওশন আলী<br>জেলা-নাটোর, বয়স-৪৮ বছর।</td><td>নাটোর জেলা কারাগার</td></tr>
</table>

২। এ আদেশে মাহমান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

---

## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৮৩৩**—কদমতলী থানায় দায়েরকৃত সাধারণ ডায়েরী নং-৩৩৮, তারিখ : ০৭-১১-২০১৭ তদন্তকালে আসামীদের বিরুদ্ধে আনীত ষড়যন্ত্রের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় ফৌজদারী কার্যবিধির ১৯৬-(এ) ধারার বিধান মোতাবেক পেনাল কোড, ১৮৬০ এর ১২০-(বি) ধারায় মামলা রুজুর লক্ষ্যে এতদদ্বারা সরকারি মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৮০/২০০৭-১৬**—যেহেতু, ডাঃ মোঃ হামে জামাল (৩২৯৩২), প্রাক্তন উপ-পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক ০৩-০৯-২০০৭ খ্রিঃ স্বাপকম/শৃংখলা-১/১-৮০/২০০৭/ ৮০৯ স্মারকে তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' ও "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ মোঃ হামে জামাল (৩২৯৩২), প্রাক্তন উপ-পরিচালক ও প্রোগাম ম্যানেজার (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯-০৩-২০০৯ খ্রিঃ স্বাপকম/শৃংখলা-১/১-৮০/২০০৭/৩৪০ নং আদেশে সরকারি চাকরি হতে অপসারণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ হামে জামাল (৩২৯৩২), প্রাক্তন উপ-পরিচালক ও প্রোগাম ম্যানেজার (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা তাঁর অপসারণ আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকার আদালতে এএটি-৯৯/২০১১ নং মামলা দায়ের করেন;

যেহেতু, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকা বিজ্ঞ বিচারকের ০৩-০২-২০১৬ খ্রিঃ আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ১২৯১/২০১৬নং আপিল মামলা দায়েরের পর মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ তা ০৬-০৮-২০১৭ খ্রিঃ রায়ে খারিজ করেন;

যেহেতু, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের রায়ে ক্ষুব্দ হয়ে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ১২৯১/২০১৬নং আপিল মামলা দাখিল করা হলে বিজ্ঞ বিচারক ০৬-০৮-২০১৭ খ্রিঃ রায়ে মন্ত্রণালয়ের ০৯-০৩-২০০৯ খ্রিঃ আদেশ বাতিল করতঃ ডাঃ মোঃ হামে জামাল (৩২৯৩২), প্রাক্তন উপ-পরিচালক ও প্রোগাম ম্যানেজার (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে চাকরি হতে অপসারণের তারিখ থেকে চাকরিতে পুর্ণবহাল দেখিয়ে অবসর প্রদান এবং বকেয়া বেতন ভাতাদিসহ পেনশন সুবিধাদি প্রদান করার আদেশ প্রদান করেন;

সেহেতু, এক্ষণে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকার ০৩-০২-২০১৬ খ্রিঃ রায় এবং মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের ০৬-০৮-২০১৭ খ্রিঃ রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ মোঃ হামে জামাল (৩২৯৩২), প্রাক্তন উপ-পরিচালক ও প্রোগাম ম্যানেজার (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে তার অপসারণের তারিখ ০৯-০৩-২০০৯ খ্রিঃ হতে চাকরিতে পুর্নবহাল দেখিয়ে অবসর প্রদান করা হলো। তিনি বকেয়া বেতন ভাতাদিসহ পেনশন সুবিধাদি (All Retirement Benefits) প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**আদেশ**

তারিখ : ০৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৩.২০১২-১৭**—যেহেতু, আপনি ডাঃ মুনির আহমেদ (কোড-৩৫৬৮২), সহকারী প্রধান, এমআইএস ইউনিট, স্বাস্থ্য অীধদপ্তর, মহাখালী, ঢাকার বিরুদ্ধে তেজগাঁও থানার মামলা নং-১০, তারিখ : ০৭-১১-২০১৩ খ্রিঃ ধারা ৪২০/৪০৬/১০৯ মোতাবেক ০৮-১১-২০১৩ খ্রিঃ গ্রেফতার হয়ে জেলহাজতে প্রেরিত হন;

যেহেতু, আপনাকে বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর ৭৩ বিধি মোতাবেক চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, মাননীয় হাইকোর্টে ২৭২৭৪/২০১৬ এবং ১৮৭৯৪/ ২০১৪ নং ক্রিমিনাল মিসিলানিয়াস কেসের ১৬-০৭-২০১৭ খ্রিঃ রায়ের প্রেক্ষিতে (তেজগাঁও থানার মামলা নং-১০, ০৭-১১-২০১৩ খ্রিঃ ধারা ৪২০/৪০৬/১০৯ দণ্ড বিধি হতে উদ্ভূত) করেসপন্ডিং টু জিআর ৫২১/২০১৩ এবং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, কোর্ট নং-২৮ এর গত ২৪-০৬-২০১৫ খ্রিঃ আদেশ এবং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের সকল কার্যক্রম এতদ্বারা রদ ও রহিত এবং বাতিল করা হয়;

সেহেতু, এক্ষণে, ডাঃ মুনির আহমেদ (কোড-৩৫৬৮২), সহকারী প্রধান, এমআইএস ইউনিট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার সাময়িক বরখাস্তের স্মারক নং-১০২৮ আদেশটি বাতিল করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ের বরখাস্তের তারিখঃ ০৮-১১-২০১৩ খ্রিঃ থেকে সকল (খোরপোষ) ভাতাসহ সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।